

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা

গণগ্রন্থাগার থেকে বই ধার দেয়া দেয়া সংক্রান্ত নীতিমালা

বই ধার গ্রহণের জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালাসহ আবেদনপত্র অথবা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনার ওয়েব পোর্টাল থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

- সদস্যদের ধরণ হবে ৩ (তিন) প্রকার যা নিম্নরূপঃ
 - শিশু সদস্য : অনূর্ধ্ব ১৮ বছর।
 - ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৮ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নতর।
 - সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৮ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।
- সদস্য ফরমের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের (এনআইডি) অনুলিপি/জন্মনিবন্ধন সনদের অনুলিপি অথবা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- গেজেটেড সরকারি কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের এক কপি ও স্ট্যাম্প সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।
- সদস্য জামানতের হার- সাধারণ সদস্যের ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকা, ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা এবং মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পরেই তা ফেরতযোগ্য (সদস্যপদ বাতিলের ক্ষেত্রে)।
- সদস্যের সদস্য পদের মেয়াদকাল এক বছর। তবে আগ্রহী পাঠকেরা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ৫০.০০ (পঞ্চাশ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন।
- সদস্য জামানতের ৮০% মূল্যের মধ্যে প্রত্যেক সদস্যকে এককালীন ২(দুই) টি বইয়ের বেশী ধার দেয়া হবে না। সর্বোচ্চ পনের দিনের জন্য বই ধার দেয়া হবে। অন্য কোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২ বার ধার নিতে পারবেন।
- কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতিসাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
- নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যদের নিকট থেকে প্রথম সপ্তাহে প্রতিদিনের জন্য বই প্রতি ৫.০০ (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০.০০ (দশ) টাকা জরিমানা আদায় করা হবে।
- যদি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা এবং সদস্যপদ বাতিল করা হবে।
- কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ৫০.০০ (পঞ্চাশ) টাকার বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে।
- রেফারেন্স বই, দুষ্প্রাপ্য বই, বিদেশী প্রকাশনা, সাংগায়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবে না।
- কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তাঁর সদস্যপদ বাতিল করাসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।
- যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন হয় তবে অবশ্যই তা কর্তৃপক্ষকে জানাতে হবে।
- জামানতের টাকা ১(এক) বৎসরের পূর্বে উত্তোলন করা যাবে না। বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- সদস্য হওয়ার ক্ষেত্রে সরকারের অনলাইন পোর্টাল (www.mygov.bd) অথবা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের জন্য প্রযোজ্য ওয়েবসাইট বা নির্ধারিত অনলাইন মাধ্যম থেকে নীতিমালা ও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
খুলনা।